গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র পরিদপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯, কারওয়ান বাজার, ঢাকা।
www.dot.gov.bd

নং-বস্ত্র/এমআই/বিএসসি ইন টেক্সঃ/ভর্তি/২০১২/(পার্ট-৬)/ ১০৭৭ তারিখঃ ০২ অক্টোবর ২০১৬।

# ভর্তি বিজ্ঞপ্তি, শিক্ষাবর্ষঃ ২০১৬-১৭

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র পরিদপ্তর কর্তৃক পরিচালিত এবং বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ৫টি সরকারী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে বিভিন্ন বিভাগে নিম্নে বর্ণিত ৪ (চার) বছর মেয়াদি বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ২০১৬-১৭ সেশনে ১ম বর্ষে (লেভেল-১) ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত পদ্ধতিতে আবেদন আহবান করা যাচ্ছে।

১. শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও আসন সংখ্যা ঃ

| ক্রঃ নং | কলেজের নাম ও ঠিকানা | কলেজ কোড ও পরীক্ষা কেন্দ্র কোড | বিভাগ অনুযায়ী আসন সংখ্যা |
|---|---|---|---|
| ১. | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, জোরারগঞ্জ, মিরসরাই,চট্টগ্রাম।<br>ওয়েব সাইট ঃ www.ctec.gov.bd<br>ইমেইল ঃ tex_collegectg@yahoo.com<br>মোবাইল ঃ ০১৭৯৫১৯৭৯৭৮ | Z | ইয়ার্ণ ইঞ্জিঃ - ৩০<br>ফেব্রিক ইঞ্জিঃ - ৩০<br>ওয়েট প্রসেসিং ইঞ্জিঃ - ৩০<br>এ্যাপারেল ইঞ্জিঃ -৩০ |
| ২. | পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শালগাড়িয়া, পাবনা।<br>ওয়েব সাইট ঃ www.pabtec.gov.bd<br>ই-মেইলঃ pabtec2006@gmail.com<br>ফোন ঃ ০৭৩১-৬৬১০৩ মোবাইল ঃ ০১৮৫৬৪৮২৬৮৬/০১৭১৮৪১৬৩৫২ | P | ইয়ার্ণ ইঞ্জিঃ - ৩০<br>ফেব্রিক ইঞ্জিঃ - ৩০<br>ওয়েট প্রসেসিং ইঞ্জিঃ - ৩০<br>এ্যাপারেল ইঞ্জিঃ -৩০ |
| ৩. | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বেগমগঞ্জ, নোয়াখালী।<br>ফোন ঃ ০৩২১-৫১৭৫৮ মোবাইল ঃ ০১৭১২৬৩৯২০৭<br>ওয়েব সাইট ঃ www.btec-bd ই-মেইলঃ btec.bd@gmail.com | N | ইয়ার্ণ ইঞ্জিঃ - ৩০<br>ফেব্রিক ইঞ্জিঃ - ৩০<br>ওয়েট প্রসেসিং ইঞ্জিঃ - ৩০<br>এ্যাপারেল ইঞ্জিঃ -৩০ |
| ৪. | শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ,<br>সি এন্ড বি রোড, বরিশাল।<br>ওয়েব সাইট ঃ www.arstecb.com<br>ই-মেইলঃ arstec_barisal@yahoo.com<br>ফোন ঃ ০৪৩১-৬৩৬৫৯ মোবাইল ঃ ০১৯৩৯৭৮১০৯১ | B | ইয়ার্ণ ইঞ্জিঃ - ৩০<br>ফেব্রিক ইঞ্জিঃ - ৩০<br>ওয়েট প্রসেসিং ইঞ্জিঃ - ৩০<br>এ্যাপারেল ইঞ্জিঃ -৩০ |
| ৫. | ঝিনাইদহ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, আড়ুয়াকান্দি, মধুপুর বাজার, সদর, ঝিনাইদহ ।<br>ই-মেইলঃ faridazad78@gmail.com<br>মোবাইল ঃ ০১৭১৩৯১৮০৭৪ | J | ইয়ার্ণ ইঞ্জিঃ - ৩০<br>ফেব্রিক ইঞ্জিঃ - ৩০<br>ওয়েট প্রসেসিং ইঞ্জিঃ - ৩০<br>এ্যাপারেল ইঞ্জিঃ -৩০ |
| | | | সর্বমোট ৬০০ |

২. ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের ন্যূনতম যোগ্যতা ঃ

(ক) প্রার্থীকে অবশ্যই জন্মগতভাবে বা নাগরিকত্ব গ্রহণে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

(খ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ড থেকে ২০১৩ অথবা ২০১৪ সনে অনুষ্ঠিত এসএসসি বিজ্ঞান/ সমমান পরীক্ষায় অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় এবং ২০১৫ অথবা ২০১৬ সনে অনুষ্ঠিত এইচএসসি বিজ্ঞান কিংবা উহার সমমানের পরীক্ষায় পাশ করতে হবে।

(গ) এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উভয় পরীক্ষায় প্রত্যেকটিতে ন্যূনতম ৩.৫০ গ্রেড পয়েন্ট থাকলে আবেদন করতে পারবে। তবে তাদের এইচএসসি পরীক্ষায় গনিত, পদার্থ ও রসায়নে আলাদাভাবে কমপক্ষে ৩.৫০ এবং ইংরেজীতে ন্যূনতম ৩.০০ সহ মোট গ্রেড পয়েন্ট কমপক্ষে ১৩.৫০ পেতে হবে।

(ঘ) GCE O লেভেল এবং A লেভেল পাশ প্রার্থীদের ক্ষেত্রে GCE O পরীক্ষায় কমপক্ষে ৫টি পেপারে গড়ে B এবং GCE A লেভেল পরীক্ষায় Physics, Chemistry and Mathematics এ B গ্রেড পেয়ে পাশ করতে হবে। কোন বিষয়ে D গ্রেড গ্রহণযোগ্য হবে না।

Equivalence Certificate প্রাপ্তির জন্য ১৫০০ (এক হাজার পাঁচ শত) টাকা বস্ত্র পরিদপ্তরের উপ-পরিচালক (এমআই) এর নিকট নগদ প্রদান পূর্বক O লেভেল এবং A লেভেল পরীক্ষার রেজিষ্ট্রেশন কার্ড, নম্বরপত্র ও সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপিসহ, পরিচালক বস্ত্র পরিদপ্তর বরাবরে ১৪/১১/২০১৬ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

৩. মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া ঃ

(ক) শুধু টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে। ভর্তি কার্যক্রম, ব্যবস্থাপনা, পরীক্ষা অনুষ্ঠান, ফলাফল প্রণয়ন ইত্যাদি ব্যয় বাবদ সর্বমোট আবেদন ফি ১০০০/- (এক হাজার ) টাকা মাত্র কেটে নেয়ার জন্য সংশ্লিষ্ট মোবাইলে পর্যাপ্ত টাকা থাকতে হবে।

(খ) ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

(গ) একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে Message অপশনে গিয়ে DOT লিখে, স্পেস দিয়ে HSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে স্পেস দিয়ে HSC বোর্ড রোল নম্বর লিখে, স্পেস দিয়ে HSC পাশের সাল লিখে, স্পেস দিয়ে SSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে স্পেস দিয়ে SSC বোর্ড রোল নম্বর লিখে, স্পেস দিয়ে SSC পাশের সাল লিখে স্পেস দিয়ে পছন্দের ক্রম অনুযায়ী কলেজ সমূহের নামের কোড লিখে স্পেস দিয়ে যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক সেই কেন্দ্রের কেন্দ্র কোড লিখে স্পেস দিয়ে ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

উদাহরণ ঃ DOT স্পেস DHA স্পেস xxxxxx স্পেস ২০১৬ স্পেস DHA স্পেস xxxxxx স্পেস ২০১৪ স্পেস BPNZJ স্পেস Z উদাহরণটি ঢাকা বোর্ডের এবং ভর্তির জন্য ১ম পছন্দ শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ (B), ২য় পছন্দ পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ (P), ৩য় পছন্দ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বেগমগঞ্জ, নোয়াখালী (N) ৪র্থ পছন্দ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, জোরারগঞ্জ, চট্টগ্রাম (Z) ও ৫ম পছন্দ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, ঝিনাইদহ (J) এবং পরীক্ষা কেন্দ্র টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, জোরারগঞ্জ, চট্টগ্রাম (Z) এর জন্য প্রযোজ্য। এখানে xxxxxx এর জায়গায় এইচএসসি ও এসএসসি পরীক্ষার রোল নম্বর লিখতে হবে।

- মোবাইল ফোনের Message অপশনে অন্যান্য যে সকল শব্দ সংক্ষেপে ব্যবহার করা হবে তা নিম্নরূপ ঃ

সিলেট শিক্ষাবোর্ড SYL, বরিশাল শিক্ষাবোর্ড BAR, চট্রগ্রাম শিক্ষাবোর্ড CHI, কুমিল্লা শিক্ষাবোর্ড COM, দিনাজপুর শিক্ষাবোর্ড DIN, যশোর শিক্ষাবোর্ড JES, ঢাকা শিক্ষাবোর্ড DHA, রাজশাহী শিক্ষাবোর্ড RAJ মাদ্রাসা শিক্ষাবোর্ড MAD, এবং বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড TEC, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় BOU লিখতে হবে।

(ঘ) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তির ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন ১৬২২২ নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে DOT লিখে, স্পেস দিয়ে YES লিখে, স্পেস দিয়ে PIN লিখে, স্পেস দিয়ে আবেদনকারীর যোগাযোগের জন্য নিজের ব্যবহৃত (যে কোন অপারেটর এর) একটি মোবাইল ফোন নম্বর লিখে ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

উদাহরণ ঃ DOT স্পেস YES স্পেস PIN-Number স্পেস Contact Number। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি কেটে নেয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না।

(ঙ) আবেদনকারীর মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি SMS এর মাধ্যমে সাথে সাথেই User ID ও Passsword দেওয়া হবে। User ID ও Passsword সযত্নে সংরক্ষণ করতে হবে। হারালে admit card পাওয়া সম্ভব হবে না।

(চ) GCE O লেভেল এবং A লেভেলের ক্ষেত্রে আবেদনকারীকে নিম্নোক্ত উদাহরণ অনুয়ায়ীর ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

উদাহরণ ঃ DOT স্পেস GCE xxxxxx ২০১৬ এখানে xxxxxx এর জায়গায় আবেদনকারীকে বস্ত্র পরিদপ্তর কর্তৃক প্রদত্ত Equivalence Certificate এর Candidate নম্বরটি বসাতে হবে।

৪. (ক) সংরক্ষিত কোটায় ছাত্র/ছাত্রী ভর্তি সম্পর্কিত ঃ প্রতিটি কলেজের নির্ধারিত আসনের অতিরিক্ত মুক্তিযোদ্ধা কোটায় (FFQ) ০২টি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় (TRI) ০১ টিসহ মোট ০৩ টি আসন সংরক্ষিত থাকবে। উক্ত কোটাসমূহে ভর্তির উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে আসন শূণ্য থাকবে।

(খ) একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে Message অপশনে গিয়ে DOT লিখে, স্পেস দিয়ে HSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে স্পেস দিয়ে HSC বোর্ড রোল নম্বর লিখে, স্পেস দিয়ে HSC পাশের সাল লিখে, স্পেস দিয়ে SSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে স্পেস দিয়ে SSC বোর্ড রোল নম্বর লিখে, স্পেস দিয়ে SSC পাশের সাল লিখে স্পেস দিয়ে পছন্দের ক্রম অনুযায়ী কলেজ সমূহের নামের কোড লিখে স্পেস দিয়ে যে কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক উক্ত কেন্দ্র কোড নম্বর লিখে স্পেস দিয়ে সংরক্ষিত কোটার মুক্তিযোদ্ধা কোটায় FFQ /ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় TRI লিখে ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

উদাহরণ ঃ DOT স্পেস DHA স্পেস xxxxxx স্পেস ২০১৬ স্পেস DHA স্পেস xxxxxx স্পেস ২০১৪ স্পেস BPNZJ স্পেস Z স্পেস FFQ উদাহরণটি ঢাকা বোর্ডের এবং ভর্তির জন্য ১ম পছন্দ শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ (B), ২য় পছন্দ পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ (P), ৩য় পছন্দ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বেগমগঞ্জ, নোয়াখালী (N) ও ৪র্থ পছন্দ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, জোরারগঞ্জ, চট্টগ্রাম, ৫ম পছন্দ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, ঝিনাইদহ (J) ও পরীক্ষা কেন্দ্র টেক্সটাইল

ইঞ্জিনিয়ারিং কলেজ, জোরারগঞ্জ, চট্টগ্রাম (Z) এবং মুক্তিযোদ্ধা সন্তান কোটার জন্য FFQ। এখানে xxxxxx এর জায়গায় এইচএসসি ও এসএসসি পরীক্ষার রোল নম্বর লিখতে হবে। উল্লেখ্য, ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটায় ক্ষেত্রে FFQ পরিবর্তে TRI লিখতে হবে।

৫. প্রবেশপত্র ডাউনলোড ঃ

(ক) প্রবেশ পত্রের জন্য প্রথমে নির্দেশিত সাইজের এক কপি রঙিন ছবি (৩০০ x ৩০০ Pixel, File size less than ১০০kb) ও Signature (৩০০ x ৮০ Pixel, File size less than ৬০kb) স্কান করাতে হবে। এরপর Desktop বা যে কোন ফোল্ডারে Save করতে হবে। Admit Card Downlod করতে http://dot.teletalk.com.bd অথবা www.dot.gov.bd , www.ctec.gov.bd, www.arstecb.com, www.pabtec.gov.bd, www.btec.ac তে গিয়ে প্রথমে নিজ নিজ User ID ও Password দিতে হবে। ইনপুট তথ্যাবলী সঠিক হলে Photo & Signature Upload করার Option পাওয়া যাবে। Photo (৩০০ x ৩০০ Pixel, File size less than ১০০kb) ও Signature (৩০০ x ৮০ Pixel, File size less than ৬০kb) Upload হলে প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে।

(খ) প্রবেশপত্র ডাউনলোডের সময়সীমা SMS এর মাধ্যমে জানানো হবে।

হেল্প লাইন ঃ

User ID ও Password হারিয়ে গেলে বা পুনরায় জানতে হলে শুধুমাত্র টেলিটক প্রিপেইড মোবাইল হতে নিম্নোক্ত ভাবে ১৬২২২ তে এসএমএস করতে হবে।

DOT<>HELP<>SSC BOARD<>ROLL<>YEAR & SENT TO 16222 অথবা
DOT<>HELP<>PIN<>PIN-NO & SENT TO 16222

৬. ভর্তি পরীক্ষা নিম্নবর্ণিত নিয়মাবলী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

(ক) পরীক্ষার বিষয় সমূহ ও নম্বরঃ
গণিত - ৬০, পদার্থ - ৬০, রসায়ন - ৬০, ইংরেজী - ২০।

(খ) ভর্তি পরীক্ষা ২০১৬ সালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহ কর্তৃক পরিচালিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

(গ) MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে।

(ঘ) প্রশ্নপত্রে ১০০ টি প্রশ্ন থাকবে, প্রতিটি প্রশ্নের নম্বর হবে ২, প্রশ্নে ৪টি উত্তরের Options থাকবে, পরীক্ষার সময় হবে ১ ঘন্টা ২০ মিনিট।

(ঙ) প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূণ্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে।

(চ) ভর্তি পরীক্ষার সময় কোন ধরনের ক্যালকুলেটর এবং ইলেকট্রনিক্স সীম/ডিভাইজ যুক্ত ঘড়ি, কলম, মোবাইল বা অন্যান্য উপকরণ সংগে রাখা ও ব্যবহার করা যাবে না।

(ছ) পরীক্ষার্থীদের ভর্তি পরীক্ষার উত্তরপত্রে (OMR শিট) কালো বলপেন দিয়ে ভর্তি পরীক্ষার রোল নম্বরসহ সংশ্লিষ্ট ঘরসমূহ ইংরেজিতে পূরণ করতে হবে।

(জ) কোন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

৭. প্রার্থী নির্বাচন ও ফলাফল প্রণয়ন ঃ

ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৮ গুণ ও এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১২ গুণ যোগ করা হবে এবং ২০১৫ সালে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মোট নম্বর থেকে ২ নম্বর কর্তন করে কেন্দ্রীয়ভাবে মেধা তালিকা নির্ধারণ করা হবে। প্রার্থীর মেধা ও পছন্দের ক্রম অনুযায়ী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের মেধাতালিকা কলেজ ভিত্তিক প্রকাশ করা হবে। আসন শূণ্য থাকা সাপেক্ষে কলেজ ভিত্তিক অপেক্ষমান তালিকা প্রকাশ করা হবে এবং ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মেধা ও পছন্দের ক্রম অনুযায়ী কলেজ পরিবর্তনের সুযোগ থাকবে।

৮. বিভাগ নির্ধারণ ঃ

ভর্তির পর স্ব-স্ব কলেজ কর্তৃক প্রার্থীর মেধা ও পছন্দ ক্রম অনুযায়ী সাক্ষাৎকারের মাধ্যমে বিভাগ নির্ধারণ করা হবে।

৯. ভর্তি সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচী ঃ

| ভর্তি সংক্রান্ত কার্যক্রম | তারিখ |
|---|---|
| (ক) এসএমএস এর মাধ্যমে ভর্তির জন্য আবেদন শুরু ও শেষ সময়। | ০৬/১০/২০১৬ সকাল ১০:০০ ঘটিকা হতে ৩০/১১/২০১৬ তারিখ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত। |
| (খ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | তারিখ ঃ ০৯/১২/২০১৬ (শুক্রবার) সময় ঃ সকাল ১০:০০ ঘটিকা থেকে ১১:২০ ঘটিকা পর্যন্ত। |
| (গ) ভর্তি পরীক্ষার স্থান (কেন্দ্র) | Z - টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, জোরারগঞ্জ, মিরসরাই, চট্টগ্রাম।<br>P - পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শালগাড়ীয়া, পাবনা।<br>N - টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বেগমগঞ্জ, নোয়াখালী।<br>B - শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সি এন্ড বি রোড, বরিশাল।<br>J - টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, ঝিনাইদহ। |
| (ঘ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ | ১৫/১২/২০১৬ বস্ত্র পরিদপ্তর ও সকল কলেজের ওয়েব সাইট ও নোটিশ বোর্ড। |

১০. লক্ষণীয় বিষয় ঃ

ক) ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ইস্যুকৃত প্রবেশপত্র (দুই কপি)এবং এইচএসসি/সমমানের পরীক্ষার মূল রেজিষ্ট্রেশন কার্ড ও একটি ফটোকপি অবশ্যই সংগে আনতে হবে।

খ) পরবর্তী যোগাযোগের জন্য আবেদনকারীকে ভর্তি পরীক্ষার রোল নম্বর সংরক্ষণ করতে হবে।

গ) ভর্তি পরীক্ষার দিন অন্তত ৪৫ মিনিট পূর্বে কেন্দ্রে এবং ৩০ মিনিট পূর্বে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন প্রার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।

ঘ) এসএমএস পদ্ধতিতে রেজিষ্ট্রেশন প্রক্রিয়ায় কোনরুপ সমস্যার সম্মুখীন হলে টেলিটকের কাস্টমার কেয়ার (১২১) নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

ঙ) ভর্তি সংক্রান্ত ব্যাপারে কোন সমস্যা দেখা দিলে বা কোন তথ্য জানতে ০১৯৫৪০৮৩৪৭৯ (সকাল ৯:০০ থেকে বিকাল ৫:০০টা) মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

(চ) ভর্তি সংক্রান্ত তথ্য/সংশোধনী/ফলাফল জানার জন্য নিম্নোক্ত ওয়েব সাইট ভিজিট করা যেতে পারে।

**www.dot.gov.bd, www.arstecb.com; www.btec-bd , www.ctec.gov.bd, www.pabtec.gov.bd**

(ছ) ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

বিঃ দ্রঃ ভর্তি পরীক্ষার দিন ওয়েব সাইট থেকে ডাউনলোড করা প্রবেশপত্র ও এইচ এস সি বা সমমান পরীক্ষার রেজিষ্ট্রেশন কার্ডের মূল কপি অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে। অন্যথায় পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।

(মোহাম্মদ ইসমাইল)
(অতিরিক্ত সচিব)
পরিচালক
বস্ত্র পরিদপ্তর, ঢাকা।
ও
আহবায়ক, কেন্দ্রীয় ভর্তি কমিটি।